



প্রেস রিলিজ

শোকাদ্র্ আগস্ট উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে “আন্তর্জাতিক পরিমন্ডলে বঙ্গবন্ধু” শীর্ষক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত

মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে “আন্তর্জাতিক পরিমন্ডলে বঙ্গবন্ধু” শীর্ষক কুইজ প্রতিযোগিতা। ১১ আগস্ট ২০২২ তারিখ বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) আয়োজিত এ প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক জ্যোতির্ময় বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের দুই শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন। প্রতিযোগিতা চলাকালে অনুষ্ঠানস্থল পরিদর্শন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় তাঁর সাথে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ড্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। “আন্তর্জাতিক পরিমন্ডলে বঙ্গবন্ধু” শীর্ষক এ কুইজ প্রতিযোগিতাটি পরিচালনা করেন গনিত বিভাগের সহকারী অধ্যাপক ড. বিজন কৃষ্ণ সাহা এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহকারী অধ্যাপক শরীফা উম্মে শিরিনা। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস